বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১

বিষয়ঃ ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের পূর্বে চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণি।

সভাপতি	মুহাম্মদ ইয়ামিন চৌধুরী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভার তারিখ	জুলাই ২৭, ২০২০ খ্রিঃ
সভার সময়	দুপুর ১২ঃ০০ ঘটিকা
স্থান	জুম ক্লাউড প্লাটফর্ম
উপস্থিতি	...

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যকে সামনে রেখে সরকারি সেবাসমূহ নাগরিকগণের দোরগোড়ায় কম সময়ে ও কম খরচে পৌঁছে দেওয়ার নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আওতাধীন বিবিএস এর কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করতে হবে। তিনি আরো বলেন, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, সপ্তম/অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, টেকসই উন্নয়ন অভীষ্ট, মুজিববর্ষ, করোনা ভাইরাস মোকাবেলা এবং সরকারের অন্যান্য নীতিমালা ও কৌশলপত্র ইত্যাদির আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কাঠামো অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। এ বিভাগ ও আওতাধীন বিবিএস এর উদ্ভাবন কার্যক্রমকে সুশৃঙ্খল, নিয়মতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিকীকরণ করার জন্য যথাসাধ্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

২। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের চীফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব জনাব মোঃ নূরুল আলম সভাকে অবহিত করেন যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং বিভিন্ন কার্যক্রমের সূচকের মান অনুযায়ী এ বিভাগের অর্জিত স্কোর ৮৮.৯ পাওয়া যায়। এছাড়া তিনি বলেন, মন্ত্রিপরিষদের প্রদানকৃত কাঠামো অনুযায়ী এ বিভাগের ২০২০-২১ এর খসড়া উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অতঃপর তিনি সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব মুঃ ওয়াহিদ মুরাদকে প্রস্তুতকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর খসড়া উপস্থাপন করার জন্য বলেন।

০৩। জনাব মুঃ ওয়াহিদ মুরাদ মন্ত্রিপরিষদ বিভাগের প্রদানকৃত কাঠামো অনুযায়ী প্রস্তুতকৃত 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' এর বিভিন্ন কার্যক্রমের সূচকসহ খসড়া পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' আগামী ৩০-০৭-২০২০ তারিখের মধ্যে প্রণয়ন এবং ০৪-০৮-২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে বলে সভায় অবহিত করেন। তিনি জানান, গত বছরের কয়েকটি সূচকে পরিবর্তন এনে এবারের কর্মপরিকল্পনার কাঠামো চূড়ান্ত করা হয় এবং প্রণীত কর্মপরিকল্পনায় ১.২.১ কর্মসম্পাদন সূচকে উল্লিখিত "মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রুপরেখা" ৩০-০৭-২০২০ এর মধ্যে প্রকাশ করার কথা বলা আছে। তিনি বর্ণিত রুপরেখার একটি খসড়া প্রস্তুত করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন।

০৪। অতঃপর এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সভাপতির অনুমতি নিয়ে, মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের খসড়া রুপরেখা সভায় উপস্থাপন করেন। আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রুপরেখা নিয়ে সভায় বিশদ পর্যালোচনা শেষে নিম্নলিখিত রূপরেখা চূড়ান্ত করা হয়।

ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল শাখা ও বিবিএস এর সকল উইং এ নিয়মিত ই-নথির মাধ্যমে কার্যক্রম নিষ্পত্তি করতে হবে।

খ) মিটিং, সেমিনার ও প্রশিক্ষণসমূহ যথাসম্ভব অনলাইনে আয়োজন করা হবে।

গ) এসআইডি ও আওতাধীন বিবিএস এর সকল কর্মকর্তাকে নিয়মিত অফিশিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে।

ঘ) ম্যানুয়াল সার্ভিসগুলোকে সহজিকরণ করে ধীরে ধীরে ই-সার্ভিসে রুপান্তর করতে হবে।

ঙ) বিভিন্ন সার্ভেগুলো ই-সার্ভে করার উদ্যোগ নিতে হবে, সেন্সাসের কিছু কিছু কার্যক্রম ই-সেন্সাসে বাস্তবায়ন করার উদ্যোগ নিতে হবে।

চ) কর্মকর্তারা বিভিন্ন অনলাইনে বা লাইভ চ্যাটের মাধ্যমে যোগাযোগ অব্যাহত রাখবে।

ছ) গুরুত্বপূর্ণ ও জরুরি মেসেজ ই-নোটিফিকেশন সিস্টেমের মাধ্যমে কর্মকর্তাদের জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

জ) স্বাস্থ্যবিধি বিষয়ে বিশেষজ্ঞদের দ্বারা প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

ঝ) বহিরাগত সাক্ষাৎপ্রার্থীদের জন্য ই-সাক্ষাতকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঞ) সার্ভার এবং নেটওয়ার্ক অবকাঠামো বৃদ্ধি করতে হবে।

ট) পরিসংখ্যান ভবনের সামনে/নীচতলায় ডিজিটাল ব্যানারের মাধ্যমে সামাজিক দূরত্ব মানার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উদ্যোগ নিতে হবে।

এপর্যায়ে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) জনাব মাহমুদা আকতার বলেন, রূপরেখা বাস্তবায়ন ও ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহ যথাসময়ে শেষ করার ব্যাপারে সচেষ্ট থাকতে হবে। সভাপতি সকলকে মহামারী/আপদকাল মোকাবেলায় রূপরেখা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করে এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব মুঃ ওয়াহিদ মুরাদকে উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রস্তুতকৃত খসড়া বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করতে অনুরোধ জানান।

০৫। জনাব মুঃ ওয়াহিদ মুরাদ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর প্রস্তুতকৃত খসড়া বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন স্ববিস্তারে উপস্থাপন করেন। তিনি জানান কোভিড-১৯ পরিস্থিতির জন্য একটি উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) ও একটি ওয়ার্কশপ আয়োজন সম্ভব হয় নি। এপর্যায়ে চীফ ইনোভেশন অফিসার জনাব মোঃ নূরুল আলাম বলেন, আয়োজনের ব্যাপারে সচেষ্ট থাকা সত্ত্বেও মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে পরামর্শ করা হয়। তিনি এই পরিস্থিতিতে উক্ত কার্যক্রমটি করার ব্যাপারে নিরুৎসাহিত করেন। এপর্যায়ে সভাপতি বলেন, যেহেতু বিশেষ কারনে উক্ত সূচকসমূহের কার্যক্রম বাদ দেওয়া হয়, তাই সূচকসমূহের জন্য বরাদ্দকৃত স্কোর দাবি করা যেতে পারে এবং দাবিকৃত সূচকের পাশে সাইডনোট লিখে দিতে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করলে শোকেসিং আয়োজনের জন্য বরাদ্দকৃত মার্কস বিবেচনায় নিয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের স্ব-মূল্যায়িত স্কোর ৯৪.৯ হয়। সভাপতি এবিভাগের ইনোভেশন কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন এবং যথাসময়ে সকল কার্যক্রম শেষ করার ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে এবিষয়ে তৎপর থাকতে বলেন। তিনি সভায় চূড়ান্তকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

০৬। এপর্যায়ে ইনোভেশন টিমের সদস্য সচিব বলেন, ১৩-০৭-২০২০ তারিখে বিবিএসকে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে এ বিভাগে প্রেরণের জন্য পত্র দেওয়া হলেও অদ্যবধি পাওয়া যায়নি। সভাপতি বিবিএস মহাপরিচালককে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য বলেন। মহাপরিচালক, বিবিএস ২০১৯-২০ এর বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন।

০৭। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

ক) উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর চূড়ান্ত বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

খ) চূড়ান্তকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

গ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১.২.১ নং সূচকে বর্ণিত মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রুপরেখা চূড়ান্ত করা হয়।

ঘ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।

০৮। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২০.১২৮ তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭
২৯ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) অতিরিক্ত-সচিব , উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৪) অতিরিক্ত সচিব (সংযুক্তি), যুগ্ম সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) যুগ্মসচিব, যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৬) যুগ্ম সচিব, বাজেট, আর্থিক ব্যবস্থাপনা এবং অডিট ও সমন্বয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৭) উপ-মহাপরিচালক, উপ-মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৮) পরিচালক, এসএসটিআই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৯) উপসচিব (এসডিজি সেল), এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১২) উপসচিব, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৩) উপসচিব, অডিট ও সমন্বয় অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৫) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৬) সিনিয়র সহকারী সচিব, তথ্য ব্যবস্থাপনা-১ শাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১৭) উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং, বৈদেশিক বাণিজ্য, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(বিবিএস)

১৮) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা-১, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১৯) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি -২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম)